

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.২৫.২০২২. ৭৫


তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব উম্মে কুলসুম (২৪৭৪৪), প্রভাষক (হিসাববিজ্ঞান), টংগী সরকারি কলেজ, গাজীপুর গত ১৪/০৭/২০২১ খ্রিষ্টাব্দ থেকে অদ্যাবধি কলেজে অনুপস্থিত রয়েছেন। উক্ত কলেজের অধ্যক্ষ কর্তৃক আপনাকে একাধিক বার কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন। কিন্তু আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি এবং অদ্যাবধি কলেজে উপস্থিত হননি;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (গ) “অসদাচরণ” ও “পলায়ন”এর অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (গ) “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


০৬/০৩/২৩
(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

স্থায়ী ঠিকানা:

জনাব উম্মে কুলসুম (২৪৭৪৪)
পিতা: আনোয়ারুল আজিম
গ্রাম- হ্যাপী লজ, ডাকঘর: উত্তর সোনাপুর, থানা: সোনাপুর
জেলা: নোয়াখালী।

বর্তমান কর্মস্থল:

জনাব উম্মে কুলসুম (২৪৭৪৪),
প্রভাষক (হিসাববিজ্ঞান), টংগী সরকারি কলেজ, গাজীপুর।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব উম্মে কুলসুম (২৪৭৪৪), প্রভাষক (হিসাববিজ্ঞান), টংগী সরকারি কলেজ, গাজীপুর গত ১৪/০৭/২০২১ খ্রিস্টাব্দ থেকে অদ্যাবধি কলেজে অনুপস্থিত রয়েছেন। উক্ত কলেজের অধ্যক্ষ কর্তৃক আপনাকে একাধিক বার কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন। কিন্তু আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি এবং অদ্যাবধি কলেজে উপস্থিত হননি;

জনাব উম্মে কুলসুম (২৪৭৪৪), প্রভাষক (হিসাববিজ্ঞান), টংগী সরকারি কলেজ, গাজীপুর এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (গ) “অসদাচরণ” ও “পলায়ন” এর অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

(সোলেমান খান)
০১/০৭/২১
(সোলেমান খান)
সচিব